



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২১.১৫.০০২.১৯. ৯৫

তারিখ: ২২/০৭/২০২০খ্রি.


বিষয়: 'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guidelines), ২০১৯' মোতাবেক কার্যক্রম গ্রহণ এবং জেলেদের নিবন্ধন চাহিদা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guideline) ২০১৯' মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

- বাদ পড়া জেলেদের নিবন্ধন ও জেলেদের তালিকা হালনাগাদকরণের লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে;
- জেলেপ্রতি নিবন্ধন ব্যয়: জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা, ২০১৯ এর ৮.২ অনুচ্ছেদমতে উপজেলা পর্যায়ে জেলে নিবন্ধন ও হালনাগাদ প্রক্রিয়ার ব্যয় নির্বাহের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এর রাজস্ব বাজেটের নিবন্ধন ফি কোড হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য জেলেপ্রতি নিবন্ধন ব্যয় ১৩০ (একশত ত্রিশ টাকা) নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত);
- কেন্দ্রীয়ভাবে মুদ্রিত আবেদন ফরম সংগ্রহপূর্বক জেলেদের নিকট হতে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে নিবন্ধনের চাহিদা প্রেরণ করতে হবে;
- পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- স্থান বা পেশা পরিবর্তন বা অন্য কোন কারণে নিবন্ধিত তালিকায় অন্তর্ভুক্ত কোন জেলের বিষয়ে আপত্তি উত্থাপিত হলে উপজেলা পর্যায়ে জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কমিটি ৯.১ (খ) মোতাবেক তা' পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক জেলেদের নিবন্ধনের জন্য প্রয়োজনীয় অর্থের প্রস্তাবিত চাহিদা সংযুক্ত ছক-১ মোতাবেক আগামী ০৯/০৮/২০২০খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (ddaqua@fisheries.gov.bd, ferdousi02@yahoo.ca, ktofail@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা, ২০১৯ মোতাবেক গৃহীত কার্যক্রম এর হালনাগাদ প্রতিবেদন সংযুক্ত ছক -২ মোতাবেক পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতো।


(মোঃ সিরাজুর রহমান)
উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-৯৫৬১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা/ রাজশাহী বিভাগ, রাজশাহী
/খুলনা বিভাগ, খুলনা/ সিলেট বিভাগ, সিলেট/ বরিশাল বিভাগ, বরিশাল
/রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা মৎস্য কর্মকর্তা (সকল).....।
২. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল).....।

